দর্শনায় ৫২৪ পিচ ইয়াবা ও ফেনসিডিলসহ নারী মাদক ব্যাবসায়ী আটক

দর্শনায় চুয়াডাঙ্গা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর দর্শনা থানার বিভিন্ন এলাকায় মাদক বিরোধী অভিযান চালিয়ে ৫২৪ পিচ ইয়াবা উদ্ধার ও ২ বোতল ফেনসিডিলসহ মাছুরা বেগমকে (৪১) আটক করেছে।

জানাগেছে, গতকাল বুধবার বেলা সাড়ে ১১ টার দিকে চুয়াডাঙ্গা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বিভাগীয় স্টাফদের সমন্বয়ে মাদক বিরোধী অভিযান চালায় দর্শনা পৌরসভার মোহাম্মদপুর ও আকন্দবাড়িয়া গ্রামে। এ অভিযানে চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন দক্ষিণ চাঁদপুর গ্রামের মোহাম্মদপুর মাদ্রাসা পাড়ায় মৃত আলী হোসেনের ছেলে তরিকুল ইসলাম ওরফে মিলনের বাড়ি মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন।

এসময় মিলনের বসতঘরে তল্লাসী করে একটি কাপড়ের শপিং ব্যাগের মধ্যে হতে ৫২৪ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করলেও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপস্থিতি টেরপেয়ে পালিয়ে যায় মাদক ব্যাবসায়ী তরিকুল ইসলাম মিলন।

অপরদিকে দুপুর ১২ টার দিকে একইদল মাদক বিরোধী অভিযান চালায় চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানাধীন বেগমপুর ইউনিয়নের আকন্দবাড়িয়া গ্রামের তামালতলাপাড়ার আবুল কালামের স্ত্রী মাছুরা বেগমের বাড়ি। এসময় মাছুরার বাড়ি তল্লাশি করে তার নিজ বসত ঘরের খাটের নিচ থেকে ব্যাগের ভিতরে থাকা ভারতীয় ২ বোতল ফেনসিডিল উদ্ধার সহ মাদক ব্যাবসায়ী মাছুরাকে আটক করে।

এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর বাদি হয়ে তরিকুল ইসলাম মিলনকে পালাতক আসামী ও মাছুরাকে আটক দেখিয়ে পৃথক দুটি মামলা দায়ের সহ আটক আসামীকে সোপর্দ করেন দর্শনা থানায়।

গতকালই আটক মাদক ব্যাবসায়ী মাছুরাকে মাদক আইনে মামলায় চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।